

আয়-যুখরুফ | Az-Zukhruf | الْزُّخْرُفُ

আয়াতঃ ৪৩ : ৪৩

আরবি মূল আয়াত:

﴿٤٣﴾ فَاسْتَمِسِكْ بِالَّذِي أُوحِيَ إِلَيْكَ إِنَّكَ عَلَى صِرَاطٍ مُّسْتَقِيمٍ

Aর্থ অনুবাদসমূহ:

অতএব তোমার প্রতি যা ওহী করা হয়েছে তাকে তুমি সুদ্ধভাবে ধারণ কর। নিশ্চয় তুমি সরল পথের উপর রয়েছ। — আল-বায়ান

কাজেই তোমার প্রতি যা ওয়াহী করা হয় তুমি তা দৃঢ়ভাবে আঁকড়ে ধর, কেননা তুমি তো আছ সরল সঠিক পথে।
— তাইসিরুল

সুতরাং তোমার প্রতি যা অহী করা হয়েছে তা দৃঢ়ভাবে অবলম্বন কর। তুমি সরল পথেই রয়েছ। — মুজিবুর রহমান

So adhere to that which is revealed to you. Indeed, you are on a straight path. — Sahih International

৪৩. কাজেই আপনার প্রতি যা ওহী করা হয়েছে তা দৃঢ়ভাবে অবলম্বন করুন। নিশ্চয় আপনি সরল পথে রয়েছেন।

-

তাফসীরে জাকারিয়া

(৪৩) সুতরাং তোমার প্রতি যা প্রত্যাদেশ করা হচ্ছে তা দৃঢ়ভাবে অবলম্বন কর। [১] অবশ্যই তুমি তো সরল পথেই রয়েছ। [২]

[১] অর্থাৎ, কুরআন কারীমকে। তাতে অন্য যে কেউ তাকে মিথ্যা ভাবুক না কেন।

[২] এটা হল ফাস্টেম্সিক (কুরআন দৃঢ়ভাবে অবলম্বন কর) এর কারণ।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4368>

 হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন